গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
www.habiganjsadar.habiganj.gov.bd

**"আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে হবিগঞ্জ সদর উপজেলায় অস্থায়ী পশুর হাট স্থাপনের নিমিত্তে প্রকাশ্যে নিলাম বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জের ১৫.০৭.২০২১ খ্রিঃ তারিখের ০৫.৪৬.৩৬০০.০০৪.০১.০০৯.২০২১-৫৬৮(১০) নং স্মারকের অনুমতির প্রেক্ষিতে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে নির্ধারিত ছক ও শর্ত মোতাবেক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানোর লক্ষে প্রকাশ্যে নিলাম প্রক্রিয়ায় যৌক্তিক ও গ্রহণযোগ্য দরে আগামী ১৬.০৭.২০২১ খ্রিঃ তারিখ রোজ শুক্রবার বেলা ৪.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষ, হবিগঞ্জ সদরে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হবে। উক্ত প্রকাশ্য নিলাম ডাকে আগ্রহীগণকে নিম্নোক্ত সময় সূচি অনুযায়ী অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

| নিলামে অংশগ্রহনের আবেদন ফরম বিক্রিয়ের তারিখ, সময় ও স্থান | নিলামে অংশগ্রহণের আবেদন ফরম জমাপ্রদানের তারিখ, সময় ও স্থান | প্রকাশ্যে নিলাম ডাক অনুষ্ঠানের তারিখ, সময় ও স্থান |
|---|---|---|
| ১৬/০৭/২০২১ খ্রি.<br>সকাল ৯.০০ টা থেকে বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হবিগঞ্জ সদর | ১৬/০৭/২০২১ খ্রি.<br>বেলা ৩:০০ ঘটিকা পর্যন্ত<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হবিগঞ্জ সদর | ১৬/০৭/২০২১ খ্রি.<br>বেলা: ৪.০০ ঘটিকা<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হবিগঞ্জ সদর |

**শর্তাবলী:**

(১) আগ্রহী নিলাম ডাকে অংশগ্রহণকারীকে নির্ধারিত তারিখ ও সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে স্ব-স্ব বাজারের বিপরীতে উল্লেখিত নগদ মূল্যে ৫০০/- (পাঁচশত টাকা) অফেরৎ যোগ্য নিলামে অংশগ্রহণের আবেদন ফরম ক্রয় করে ফরম পূরণ করতঃ নির্ধারিত সময়ের পূর্বে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে।

(২) নির্ধারিত তারিখ ও সময় ব্যতিরেকে নিলামে অংশগ্রহণের আবেদন সহবরাহ করা হবে না।

(৩) নিলাম ডাকের অংশগ্রহণকারীকে নিলাম ডাক অনুষ্ঠানে অংশগ্রহণের পূর্বে জামানত হিসেবে নগদ ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) ফেরত যোগ্য নিম্নস্বাক্ষরকরীর বরাবর জমা প্রদান করতে হবে।

(৪) বিজয়ী নিলাম ডাককারীকে ডাকের উদ্ধৃত দর এবং উদ্ধৃত দরের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়করসহ সমুদয় অর্থ ডাক শেষ হওয়ার সাথে সাথে পরিশোধ পূর্বক অনুমতি পত্র গ্রহণ করতে হবে। অনুমতিপত্র ব্যতিরেকে হাট বসানো যাবে না ।

(৫) অনুমোদিত /সর্বোচ্চ নিলাম ডাককারী কোন কারণে বাজার নিতে অপারগ হলে নির্ধারিত সময়ে অবশিষ্ট অর্থ ভ্যাট, আয়কর জমা না দিলে তার নিলাম ডাক বাতিল ও জমাকৃত অর্থ বাজেয়াপ্তক্রমে বিধিমতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৬) হাট বসানের অনুমতি প্রদানের পর হতে ঈদের দিন পর্যন্ত (২১/০৭/২০২১ পর্যন্ত) সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানো যাবে।

(৭) অনুমোদিত ইজারাদারকে সরকার নির্ধারিত হারে পাকা রশিদের মাধ্যমে টোল আদায় করতে হবে।

(৮) সড়কের উপর হাট বসিয়ে কোন ভাবেই রাস্তা বন্ধ করা বা চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না।

(৯) ইজারাদারকে নিজ উদ্যেগে পশুরহাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং ঈদের পর পরই ব্যবহৃত মালামাল অপসারণ করতে হবে।

(১০) নিজ উদ্যোগে অস্থায়ী পশুর হাটে জাল টাকা সনাক্তকরণ মেশিন স্থাপন করতে হবে।

(১১) আদালতের নিষেধাজ্ঞা থাকলে কোন অবস্থাতেই হাট বসানো যাবে না।

(১২) নিজ উদ্যোগে অস্থায়ী জেনারেটর এর মাধ্যমে বিদ্যুৎ এর ব্যবস্থা করতে হবে।

(১৩) আইনশৃঙ্খলা রক্ষাকারীর বাহিনীর পাশাপাশি নিজস্ব স্বেচ্ছাসেবক দলের মাধ্যমে হাটের শৃঙ্খলা ও নিরাপত্তার রক্ষা করতে হবে।

(১৪) দৃশ্যমান একাধিক স্থানে সর্বসাধারণের অবগতির জন্য টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(১৫) শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেল লাইন এবং জাতীয়/ আঞ্চলিক মহাসড়কের উপর বা সন্নিকটে কোন অস্থায়ী পশুর হাট বসানো যাবে না।

(১৬) করোনা ভাইরাস(কোভিড-১৯) পরিস্থিতি মোকাবিলার নিমিত্তে অস্থায়ী হাটে অবশ্যই সামাজিক দুরত্ব বজায় রাখতে এবং পর্যাপ্ত পরিমাণ জীবনুনাশক ও সুরক্ষা সামগ্রীর ব্যবস্থা রেখে স্বাস্থ্যবিধি প্রতিপালনপূর্বক কার্যক্রম পরিচালনা করতে হবে।

(১৭) হাটে একটি পশুর সারি হতে অন্য সারির দূরত্ব অন্ততসাপেক্ষে ১৫(পনের) ফুট রাখতে হবে।

(১৮) হাটে প্রবেশ ও বের হওয়ার জন্য আলাদা পথ রাখতে হবে এবং ক্রেতা, বিক্রেতা ও সংশ্লিষ্টদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।

(১৯) হাটের প্রবেশ পথে হাত ধোয়ার ব্যবস্থা রাখতে হবে এবং জীবাণুনাশকের ব্যবস্থা রাখতে হবে।

(২০) ইজারা গ্রহিতা কর্তৃক উপরোক্ত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে। অন্যথায় যেকোন সময় ইজারা বাতিল করা হবে।

(২১) কর্তপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন ডাক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

## অস্থায়ী পশুর হাট সমূহের বিবরণঃ

| ক্রমিক নং | অস্থায়ী পশুর হাট বসানোর স্থান | ইউনিয়নের নাম | সিডিউল মূল্য |
|---|---|---|---|
| ০১ | শংকরপাশা মাজার গেইট সংলগ্ন চারা বিছরা | ০৬ নং রাজিউড়া ইউনিয়ন পরিষদ | ৫০০/- |
| ০২ | তেলিখাল বাজার সংলগ্ন মাঠ | ০৬ নং রাজিউড়া ইউনিয়ন পরিষদ | ৫০০/- |
| ০৩ | হুরগাঁও গ্রাম | ০৬ নং রাজিউড়া ইউনিয়ন পরিষদ | ৫০০/- |
| ০৪ | সাধুর বাজার | ০৬ নং রাজিউড়া ইউনিয়ন পরিষদ | ৫০০/- |
| ০৫ | ০৫নং গোপায়া ইউনিয়নের অন্তর্গত নুরানী জামে মসজিদের নিজস্ব ভূমি | ০৫নং গোপায়া ইউনিয়ন পরিষদ | ৫০০/- |
| ০৬ | কটিয়াদি বাজার | ১০ নং লস্করপুর ইউনিয়ন পরিষদ | ৫০০/- |

১৫.০৭.২০২১

বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৮.০১০.২০২১-৩৮৭

তারিখ : ১৫.০৭.২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ।

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা

০২। বিভাগীয় কমিশনার,সিলেট বিভাগ,সিলেট

০৩। জেলা প্রশাসক,হবিগঞ্জ

০৪। উপ-পরিচালক স্থানীয় সরকার ,হবিগঞ্জ

০৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর,হবিগঞ্জ

০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর,হবিগঞ্জ

০৭। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট

০৮। উপজেলা নির্বাহী অফিসার ..................................(সকল),হবিগঞ্জ

০৯। জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ।

১০। সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর,হবিগঞ্জ।তাঁকে নিলাম ডাকের সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

১১। অফিসার ইনচার্জ,হবিগঞ্জ সদর মডেল থানা,হবিগঞ্জ। তাঁকে নিলাম ডাকের সময় প্রয়োজনীয় নিরাপত্তা বিধানের জন্য অনুরোধ করা হলো।

১২। উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর ,হবিগঞ্জ। তাঁকে নিলাম ডাকের সময় দরপত্র মূল্যায়ন কমিটির সম্মানিত সদস্য হিসাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১৩। উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ। তাঁকে নিলাম ডাকের সময় দরপত্র মূল্যায়ন কমিটির সম্মানিত সদস্য হিসাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১৪। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর হবিগঞ্জ, তাঁকে নিলাম ডাকের সময় দরপত্র মূল্যায়ন কমিটির সম্মানিত সদস্য হিসাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১৫। ব্যবস্থাপক,সোনালী ব্যাংক, হবিগঞ্জ শাখা,হবিগঞ্জ

১৬। চেয়ারম্যান .......................(সকল) ,ইউপি,হবিগঞ্জ। তাঁকে স্ব-স্ব অধিক্ষেত্র বাজারে মাইকিং এর ব্যবস্থা করে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং নিলাম ডাকের সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

১৭। ইউনিয় ভূমি সহকারী কর্মকর্তা,( সকল) .......................................................তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৮। সভাপতি /সম্পাদক প্রেস ক্লাব,হবিগঞ্জ

১৯। জনাব ............................................................ইজারাদার ..............................বাজার (১৪২৮ বঙ্গাব্দ) হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

২৫.০৭.২০২১

উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ